দৈনিক বাংলা

তারিখ 27 JUN 1993
পৃষ্ঠা ৫ কলাম ৬

# ছাত্র-ছাত্রীদের কোচিং-এর ওপর নির্ভরতা

আমাদের দেশের ছেলেমেয়েরা সারা বৎসর কোচিং–এর উপর নির্ভর করে। কোচিং–এর উপর এই নির্ভরশীলতা আদৌ বাঞ্ছনীয় নহে। এতে গরীব অভিভাবকরা দারুন আর্থিক সমস্যার সম্মুখীন হন। এই নির্ভরশীলতা পরিহার বা হ্রাস করা একান্ত আবশ্যক। এ উদ্দেশ্যে নিম্নোক্ত ব্যবস্থাসমূহ নেওয়া যেতে পারে। ব্যবস্থাগুলি হলঃ

১। স্কুল কলেজে ছাত্রছাত্রীদের যথাযথ পাঠদানের ব্যবস্থা করতে হবে।

২। বাড়ির কাজ বা হোম টাস্কের উপর বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে।

৩। নিয়মিত পাক্ষিক বা মাসিক পরীক্ষা গ্রহণ ও তার ফলাফল রেকর্ড করতেহবে।

৪। নির্ধারিত শিক্ষা বৎসরের মধ্যে পাঠ্যসূচী অনুযায়ী পাঠদান সমাপ্ত করতে হবে।

৫। প্রত্যেকটি বিষয়ের জন্য সুযোগ্য ও সুদক্ষ শিক্ষক নিয়োগ করতে হবে।

৬। ছাত্র ছাত্রীদের প্রত্যেক বিষয়ের উপর সম্ভাব্য প্রশ্নগুলি বাছাই করে দিতে হবে এবং বাছাই করা প্রশ্নগুলির উত্তর তৈরি করার ব্যাপারেও শিক্ষকদের সাহায্য করতেহবে।

৭। শ্রেণীতে পাঠদানকালে শিক্ষা উপকরণের সদ্ব্যবহার করতে হবে এবং প্রয়োজন বোধে জটিল ও কঠিন বিষয়গুলি ব্ল্যাক–বোর্ডে লিখে পরিষ্কাররূপে বুঝিয়ে দিতেহবে।

৮। ছাত্রছাত্রীদের কার কি অসুবিধা তা জানা প্রত্যেক শিক্ষকেরই উচিত এবং এই অসুবিধাগুলি দূর করার জন্য প্রধান শিক্ষক বা প্রধান শিক্ষিকা বা স্কুল কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সঠিক পদক্ষেপ গ্রহণ করিতেহবে।

৯। প্রত্যেক শিক্ষককে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে তার দায়িত্ব পালন করতে হবে এবং

১০। ভালো শিক্ষকদের ইনসেন্টিভ প্রদানের ব্যবস্থা করতে হবে।

কাজী মোঃ মাহবুবুল হক
রতনপুর
ব্রাহ্মণবাড়িয়া।